## RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**M.A./M.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2018**
**SECOND YEAR [BATCH 2016-18]**
**BENGALI**

Date : 04/05/2018
Time : 11 am – 3 pm

**Paper : X (Kathasahitya)**

Full Marks : 80

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৪]

ক) হেটারোগ্লসিয়া বলতে বাখতিন কী বুঝিয়েছেন? কথাসাহিত্যে এর গ্রহণযোগ্যতা কোথায়? পাঠ্যক্রম বহির্ভূত যে কোনো একটি উপন্যাসকে এই তত্ত্বের আলোকে ব্যাখ্যা করো।

খ) ফার্স্ট, সেকেণ্ড ও থার্ড পার্সন — তিন ধরনের ন্যারেটিভের একটি তুলনামূলক আলোচনা করো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৪]

ক) 'চতুরঙ্গ' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

খ) 'চতুরঙ্গ' উপন্যাসের প্রথম ও শেষ পর্বের সমাপ্তি দুই নারী— ননীবালা ও দামিনীর মৃত্যুতে। আখ্যানের সিংহভাগ জুড়ে শচীশের যে আত্মানুসন্ধান সেখানে এই দুই নারীর ভূমিকা কোথায়? আলোচনা করো।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৩]

ক) 'আগুনপাখি' উপন্যাসটির বিশেষত্ব বিচার করো।

খ) পারিবারিক জীবনের ছবি 'আগুনপাখি' উপন্যাসে প্রাধান্য পেয়েছে। এই উপন্যাসে পারিবারিক জীবনের প্রাধান্য পাবার কারণ সম্পর্কে কী যুক্তি রয়েছে বলে তোমার মনে হয়? —আলোচনা করো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৩]

ক) স্বাধীন ভারতবর্ষের যে চিত্র 'ময়লা আঁচল' উপন্যাসে পাওয়া যায় তার মধ্যে ঔপন্যাসিকের কোন দৃষ্টিভঙ্গির প্রকাশ ঘটেছে ব্যাখ্যা করো।

খ) ঔপন্যাসিক 'ময়লা আঁচল' উপন্যাসে প্রশান্ত কমলা সম্পর্কের উপর যে গুরুত্ব আরোপ করেছেন তার কারণ ব্যাখ্যা করো।

৫। খল চরিত্র হিসেবে 'মগ্নমৈনাক' উপন্যাসের সন্তোষ সমাদ্দার এক অসামান্য নির্মাণ — এ বিষয়ে তোমার মতামত দাও। [১৩]

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৩]

ক) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের 'লুল্লু' ভূতের গল্পের আবহে এক ভালোবাসার গল্প — বিশ্লেষণ করো।

খ) 'ময়ূরকণ্ঠি জেলি' গল্পের পরিণতি সামগ্রিক গল্পের সঙ্গে কতটা সামঞ্জস্যপূর্ণ — তোমার মতামত দাও।

———— × ————